



# স্বনির্ভর গোষ্ঠীদের ঋণ প্রদান

## পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

### প্রকল্পটির উদ্দেশ্য

আনন্দধারার অন্তর্গত সকল স্বনির্ভর দল যারা ৬ মাসের বেশি নথিভুক্ত হয়েছে, তাদের ঋণ দেওয়া হয়।

এই প্রকল্পের সুবিধা কারা পেতে পারেন:

অন্ততপক্ষে ৬ মাস রাজ্য গ্রামীণ জীবিকা মিশন-এ নথিবদ্ধ হয়েছে এমন স্বনির্ভর গোষ্ঠীদের ঋণের জন্য আবেদন করতে পারেন।

### প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) স্বনির্ভর গোষ্ঠীর অন্তত একজন পদাধিকারীর মোবাইল নম্বর থাকতে হবে।
- ২) সচিত্র পরিচয়পত্রের প্রমাণ হিসাবে অন্তত একজন পদাধিকারীর ভোটার কার্ড/ আধার কার্ড/ খাদ্যসার্থী ইত্যাদির ফটোকপি দিতে হবে;
- ৩) কমন অ্যাপ্লিকেশন ফর্ম-এ আবেদন করবেন এবং অ্যাপ্লিকেশন ফর্মটি তিনজন পদাধিকারী স্বাক্ষর করবেন এবং সঙ্গে Standard Grading Sheet, স্বনির্ভর গোষ্ঠীর ঋণ সংক্রান্ত resolution;
- ৪) ঠিকানার প্রমাণপত্র দিতে হবে;
- ৫) তিনজন পদাধিকারীর প্রত্যেকের একটি করে ছবি লাগবে;
- ৬) বসবাসের প্রমাণ হিসাবে স্বঘোষণাপত্র জমা করতে হবে।

### যোগাযোগ

জেলা আনন্দধারা আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন।